

**ই.বি'র অনার্স কোর্সকে
প্রফেশনাল ডিগ্রি
হিসেবে চালুর দাবি**

ইবি থেকে সর্বোদাতা ই বিএসসি অনার্স কোর্সকে প্রফেশনাল ডিগ্রি হিসেবে চালুর দাবি জানিয়েছে ইসলামী বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদের ছাত্রছাত্রীরা।

বৈষম্য নয়, চাই সমমান' শিরোনামের ব্যানারসংবলিত এক বিশাল র্যালির মাধ্যমে শনিবার এ দাবি জানানো হয়। এ ব্যাপারে জিজ্ঞাসা করা হলে কম্পিউটার বিজ্ঞানের ছাত্র মাহবুব জানান, এমনিতেই ইসলামী বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদ অবহেলিত এবং আধুনিক সুবিধা থেকে বঞ্চিত। তারপরেও রাজশাহীসহ দেশের অন্য বিশ্ববিদ্যালয়ে মাস্টার্স ঐচ্ছিক হিসেবে প্রফেশনাল ডিগ্রি চালু আছে, তা থেকে আমরা বঞ্চিত হতে চাই না।

বিজ্ঞান অনুষদের নিচ থেকে শুরু হয়ে বিশাল র্যালিটি সমস্ত ক্যাম্পাস প্রদক্ষিণ করে। র্যালিশেষে ছাত্রছাত্রীরা গণস্বাক্ষর কর্মসূচিতে অংশগ্রহণ করে। স্বাক্ষর গ্রহণশেষে দাবিটি কর্তৃপক্ষকে পেশ করা হবে বলে স্বাক্ষর গ্রহণকারী ছাত্ররা জানান।